


জোড়াসাঁকো বিধানসভা কেন্দ্রে তৃণমূল প্রার্থী বিজয় উপাধ্যায়ের সমর্থনে নির্বাচনী সভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রয়েছেন সাংসদ সুদীপ ব্যানার্জি। মঙ্গলবার। ছবি: অভিজিৎ মণ্ডল




মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে ব্যারাকপুরের তৃণমূল প্রার্থী রাজ চক্রবর্তী। ব্যারাকপুরের জনসভায়, মঙ্গলবার। ছবি: আজকাল



কলিন্স স্ট্রিটে চায়ের দোকানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রয়েছেন কাউন্সিলর বৈশ্বানর চ্যাটার্জি, সুস্মিতা ভট্টাচার্য। ছিলেন তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি। মঙ্গলবার। ছবি: দীপক গুপ্ত

# কাল প্রথম দফার ভোট

**আজকালের প্রতিবেদন**

মঙ্গলবার বিকেল ৬টায় প্রথম দফার নির্বাচনী প্রচার শেষ হল। শুরু হয়ে গেছে 'সাইলেন্ট জোন'। কাল, বৃহস্পতিবার প্রথম দফায় রাজ্যের ২৯৪টি বিধানসভা কেন্দ্রের মধ্যে ১৫২টিতে ভোটগ্রহণ হবে। ভোটগ্রহণ চলবে সকাল ৭টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত। দুর্গম জায়গায় থাকা ভোটগ্রহণ কেন্দ্রগুলির জন্য ভোটকর্মীরা ইতিমধ্যেই যেতে শুরু করেছেন। সিইও মনোজ আগরওয়াল মঙ্গলবার জানিয়েছেন, 'যে-সব আবাসনে বুথ হয়েছে, সেখানে ভোটারদের কোনও আত্মীয়স্বজন থাকতে পারবেন না। দিঘা-মন্দারমণির মতো পর্যটন কেন্দ্রগুলিতেও কোনও পর্যটক থাকতে পারবেন না। কারণ, 'সাইলেন্ট জোন' শুরু হয়ে গেছে। ইতিমধ্যেই প্রথম দফার ভোটে কতজন ভোট দিতে পারবেন, তার তালিকা সব রাজনৈতিক দলকে দিয়ে দেওয়া হয়েছে। গ্রামীণ এলাকায় কেন্দ্রীয় বাহিনী প্রয়োজনে বাইক ব্যবহার করতে পারে।'

ভোটের আগে সিইও দপ্তর চালু করল আর একটি নতুন টোল-ফ্রি নম্বর। আইনশৃঙ্খলা সংক্রান্ত কোনও অভিযোগ জানানো যাবে টোল-ফ্রি ১৮০০৩৪৫০০০৮ নম্বরে। ২৪ ঘণ্টা এটি চালু থাকবে। কোনও ঘটনা ঘটলে সঙ্গে সঙ্গে নিষ্পত্তি করবে কমিশন। এছাড়াও চালু হল নতুন ইমেল— wbfreeandfairpolls@gmail.com।

প্রথম পর্যায়ে যে ১৫২টি বিধানসভা কেন্দ্রে ভোটগ্রহণ হচ্ছে, সেগুলিতে মোট ভোটার রয়েছেন ৩ কোটি ৬০ লক্ষ ৭৭ হাজার ১৭১ জন। এর মধ্যে পুরুষ ভোটার রয়েছেন ১ কোটি ৮৪ লক্ষ ৯৯ হাজার ৪৯৬ জন। মহিলা ভোটার ১ কোটি ৭৫ লক্ষ ৭৭ হাজার ২১০ জন। আর তৃতীয় লিঙ্গের ভোটার ৪৬৫ জন। প্রথম দফার নির্বাচনে মোট প্রার্থী ১ হাজার ৪৭৮ জন।

এবারের বিধানসভা নির্বাচনের সময় জরুরি পরিস্থিতির জন্য এয়ার অ্যাম্বুল্যান্স থাকছে। ভোটগ্রহণ চলার সময় ভোটকর্মী, কেন্দ্রীয় বাহিনীর সদস্য বা কোনও ভোটার অসুস্থ হয়ে পড়লে এই কপ্টার ব্যবহার করা হবে। ইতিমধ্যে একটি এয়ার অ্যাম্বুল্যান্স মালদায় এসে পৌঁছেছে। মঙ্গলবার গুজরাট থেকে আরও একটি এসেছে। কমিশন সূত্রে খবর, সেটি কলকাতায় থাকছে। আর একটি বায়ুসেনার কপ্টার থাকছে সিইও এবং নির্বাচন কমিশনের উচ্চ পর্যায়ের কর্মীদের জন্য। এ ছাড়া নির্বাচনের সঙ্গে যুক্ত আধিকারিকদের জরুরি পরিস্থিতিতে ব্যবহারের জন্য চপার রাখছে কমিশন।

# রাজ্যের প্রকল্প জনহিতকর, স্বীকার করলেন শাহ: তৃণমূল

**আজকালের প্রতিবেদন**

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের প্রকল্পগুলি জনহিতকর একথা স্বীকার করে নিলেন স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। ভাষণে তিনি বললেন, রাজ্যের প্রকল্পগুলি বন্ধ হবে না। অথচ সেই প্রকল্পগুলিতেই টাকা দেয় না কেন্দ্রীয় সরকার। মঙ্গলবার চণ্ডীপুরে জনসভা থেকে তিনি বেশ কিছু প্রতিশ্রুতি দিয়েছেন। কিছু কিছু প্রকল্পে টাকা বাড়িয়ে দেওয়ার কথাও ঘোষণা করেছেন। এ নিয়ে অমিত শাহের সমালোচনা করে তৃণমূল কংগ্রেস বলেছে, 'এই প্রকল্পগুলি বাংলার মানুষের স্বার্থে রাজ্য সরকার করেছে। সাধারণ মানুষ এই প্রকল্পের সুবিধে পাচ্ছেন। অথচ কেন্দ্র সেগুলির বিরোধীতা করে। এবং প্রকল্পখাতে টাকা দেওয়া বন্ধ করে দিয়েছে।'

# মোদির ঢঙে শাহ: এ-এ-এই দিদি

● ১ পাতার পর

এ ভাষায় তাঁকে ডাকা নারীর অসম্মান।' বিজেপির বিরুদ্ধে তিনি বলেন, 'এরা নারীর সম্মান, নারীর শক্তিতে বিশ্বাস করে না। এ দিদি, কান খুলকর শুন লো— এ ধরনের ভাষা ব্যবহার অভদ্র ও অসভ্য সম্বোধন।' মন্ত্রী ডাঃ শশী পাঁজা বলেছেন, 'এভাবে কোনও নারীকে সম্বোধন করা সত্যিই ঘৃণার বিষয়। দেশের স্বরাষ্ট্রমন্ত্রী যে ভাষায় আজ কথা বলেছেন আমাদের সর্বোচ্চ নেত্রীর প্রতি, তাতে বাংলার মাটি আপনাদের উচিত জবাব দেবে। আপনারা নারীকে অসম্মান করেন। বাংলার মাটিতে নারীশক্তির পুজো করা হয়।' মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেছেন, 'আপনি 'এ দিদি' বলে সম্বোধন করেছেন। এটা মুখ ফসকে বলা নয়। পরিকল্পিত ভাবেই বলা। মোদি পথ দেখিয়েছিলেন। বাংলার মানুষ বুঝে গেছেন, এঁরা কারা। আপনিও কান খুলে শুনে রাখুন, বাংলা উপযুক্ত জবাব দেবে।' তৃণমূল জানিয়েছে, এটা পরিকল্পিত অবমাননার রাজনীতি। সুস্থ রাজনীতি নয়। অসুস্থ মানসিকতাকে মঞ্চে আনা হয়েছে। ফেসবুক পোস্টে তৃণমূল লিখেছে, এই ধরনের সম্বোধনের মাধ্যমে মুখ্যমন্ত্রীকে ছোট করার চেষ্টা আসলে বিজেপির অন্তর্নিহিত নারী-বিদ্বেষকেই সামনে আনে। তৃণমূল আরও বলেছে, বিজেপি বাংলার মানুষের নারীর স্পন্দন বুঝতে ব্যর্থ। স্বরাষ্ট্রমন্ত্রীর অবমাননাসূচক ভঙ্গি আসলে ব্যর্থতার হতাশা। যারা কুৎসিত রাজনীতি করতে চায়, ভোটবাক্সে তাদের যোগ্য জবাব বাংলা আগেই দিয়েছে, এবারও দেবে।

# সোমবার মহামিছিল

● ১ পাতার পর

২৪ এপ্রিলও আলিপুরের সার্ভে বিল্ডিং থেকে চেতলা হাট রোডে ডাকাতকালী মন্দির পর্যন্ত একটি মিছিল হবে। ইতিমধ্যেই ওই মহামিছিল সফল করার জন্য প্রস্তুতি নেওয়া শুরু হয়েছে। জানা গেছে, ঢাকুরিয়া ব্রিজ হয়ে ওই মিছিলটি যাবে। শেষ হবে ভবানীপুরে। তৃণমূল প্রার্থীরা ছাড়াও স্থানীয় নেতা, নেত্রী এবং ওই কেন্দ্রগুলির সমস্ত কাউন্সিলরকে থাকতে হবে।

# চায়ের দোকানে মমতা

● ১ পাতার পর

আমি মিটিং করব না। কিন্তু আমি চা তো খেতে পারি। আমি একটা জায়গায় গিয়ে বসলেই সবাই চলে আসবে।' এদিন জগদ্দলের সভা-মঞ্চ থেকে বলেছেন, 'আমি আমার বিধানসভা কেন্দ্র কলিন্স স্ট্রিটে যাব। যদি অন্য কোনও দলের মিটিং থাকত, আমি অনুমতি চাইতাম। আমি কিছু বলতাম না। ওখানে কোনও দলের মিটিং নেই।' এরপরই তিনি নাম না-করে শুভেন্দু অধিকারীকে আক্রমণ করে বলেন, 'এই গদ্দার একজনকে ভবানীপুরে রিটার্নিং অফিসার করে পাঠিয়েছিল। তিনি বলেছেন, পারমিশন দেব না। সভা করতে অনুমতি না দিলেও চা খেতে যেতে কেউ আমাকে আটকাতে পারবে না।' এরপর তিনি জোড়াসাঁকোর সভা সেরে বাড়ি ফেরার পথে কলিন্স স্ট্রিটে যান। সেখানে দাঁড়িয়ে চায়ের দোকানে থাকা লোকজনের সঙ্গে কিছুক্ষণ কথা বলেন। রাস্তাতেই চেয়ার নিয়ে বসে চা খান। মিনিট দশেক তিনি সেখানে ছিলেন।

# প্রথম দফা

● ১ পাতার পর

এদিকে, ভোটার তালিকা নিয়ে ফের মামলা দায়ের হল কলকাতা হাইকোর্টে। অভিযোগ, স্পেশ্যাল ইনটেনসিভ রিভিশনের জেরে প্রায় ২৭ লক্ষ ভোটারের নাম তালিকা থেকে বাদ পড়েছে। অথচ ভোটাররা জানেনেই না, ঠিক কীভাবে আবেদন করতে হবে। ট্রাইবুনালে আবেদন পদ্ধতি সহজ করতে অবিলম্বে বিচারবিভাগীয় হস্তক্ষেপের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। মামলাকারী শেখ আনোয়ার আলির অভিযোগ, ভোটার তালিকা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির জন্য ১৯টি 'অ্যাপিলেট ট্রাইবুনাল' গঠন করা হয়েছে। এগুলির কার্যপদ্ধতি অত্যন্ত অস্পষ্ট এবং অসামঞ্জস্যপূর্ণ। মামলাকারীর অভিযোগ, ভোটাররা জানেনেই না ঠিক কীভাবে আবেদন করতে হবে। শুনানির নির্দিষ্ট তারিখ, কীভাবে আবেদন জানাতে হবে, এই ট্রাইবুনালে আইনজীবীরা প্রতিনিধিত্ব করতে পারবেন কি না— সে বিষয়ে কোনও স্পষ্ট নির্দেশিকা নেই।


## Format C-1

(for candidate to publish in Newspapers, TV)

**Declaration about criminal cases**

(As per the judgment dated 25th September, 2018, of Hon'ble Supreme Court in WP (Civil) No. 536 of 2011(Public Interest Foundation & Ors. Vs. Union of India & Anr.)

Name and address of candidate: **NARAYAN CHANDRA JANA,** VIll. RABIBHAG, P.O. RABIBHAG, P.S. BAGNAN, Dist. HOWRAH, WEST BENGAL. Pin. 711312

Name of political party :. INDEPENDENT
(Independent candidates should write "Independent" here)
Name of Election : WBLA-2026
*Name of Constituency : 180- BAGNAN

**I NARAYAN CHANDRA JANA,** a candidate for the above mentioned election, declare for public information the following details about my criminal antecedents:

(A) Pending criminal cases

| Sl. No. | Name of Court | Case No. and dated | Status of case(s) | Section(s)of Acts concerned and brief description of offence(s) |
|---|---|---|---|---|
| 1. | ULUBERIA | G.R. 1581/19 Dt. 24/02/2021 | PENDING | U/S 341,323,325,506,34 IPC Wrongful restraint Voluntarily causing hurt, Voluntarily causing grievous hurt, in furtherance of common intention |



## আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড

IDFC FIRST Bank

(পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড, আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড হিসেবে পরিচিত)
CIN: L65110TN2014PLC097792
**রেজিস্টার্ড অফিস:** কেআরএম টাওয়ারস, ফ্লোর নং ৮, হ্যারিংটন রোড, চেটপেট, চেন্নাই-৬০০০৩১
ফোন: +৯১ ৪৪ ৪৫৬৪ ৪০০০ । ফ্যাক্স: +৯১ ৪৪ ৪৫৬৪ ৪০২২

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর ১৩(২) ধারাধীনে নোটিস**

নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং সহ-ঋণগ্রহীতারা আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড নামে পরিচিত) থেকে নীচে উল্লিখিত সুরক্ষিত ঋণ গ্রহণ করেছেন। নীচে উল্লিখিত ঋণগ্রহীতা এবং সহ-ঋণগ্রহীতাদের ঋণ তাদের নিজ নিজ সম্পত্তি বন্ধক রেখে সুরক্ষিত করা হয়েছে। যেহেতু তারা নিজ নিজ ঋণ চুক্তির শর্তাবলী মেনে চলতে ব্যর্থ হয়েছেন এবং ঋণগুলি অনিয়মিত হয়ে পড়েছে, তাই আরবিআই নির্দেশিকা অনুযায়ী তাদের ঋণগুলিকে এনপিএ হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে। আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড নামে পরিচিত)-এর কাছে তাদের প্রদেয় বকেয়া অর্থাঙ্ক জারি করা নিজ নিজ নোটিস অনুযায়ী উল্লেখ করা হয়েছে যা নীচের সারণিতে বিশেষভাবে বর্ণিত হয়েছে এবং উক্ত অর্থাঙ্কের ওপর পরবর্তী সুদও প্রযোজ্য হবে এবং তাদের নিজ নিজ তারিখ থেকে চুক্তিভিত্তিক হারে তা ধার্য করা হবে।

| ক্রম নং | লোন অ্যাকাউন্ট নম্বর | ঋণের ধরন | ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তির তারিখ | ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক |
|---|---|---|---|---|
| ১ | ৯৫৫১৩১৫৬ | সম্পত্তির বিপরীতে ঋণ | ০৪.০২.২০২৬ | ₹৫৯,৮২,৩১৮.৯২/- |

**ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতাদের নাম:** ১. আশরাফ খান ২. ফারহান খান ৩. নাসিফা খান

**সম্পত্তির ঠিকানা:** মার্বেল ফ্লোরিংযুক্ত সামান্য কমবেশি ১০৪৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ১ নং স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ, যার প্রথম তলে রয়েছে ৩টি বেড রুম, ১টি ডাইনিং কাম ড্রয়িং রুম, ১টি বাথ কাম প্রিভি, রান্নাঘর; এবং প্রেমিসেস নং ২০, বেক বাগান রো-এ রোড সাইড/উত্তর দিক মুখী প্রথম তলে মার্বেল ফ্লোরিংযুক্ত সামান্য কমবেশি ৫২২৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাটের ১/২ অবিভক্ত, অবণ্টিত অংশ। যার স্থিতি ও বিবরণ: থানা- কড়েয়া, ওয়ার্ড নং ৬৯, কলকাতা পৌরসংস্থার সীমানাধীন, অ্যাডিশনাল সাব-রেজিস্ট্রার এবং ডিএসআর-৩ আলিপুর, এডিএসআর শিয়ালদহ ও ডিএসআর-আলিপুর-এর এক্তিয়ারাধীন, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিন কোড নং ৭০০০১৭। **সম্পত্তির চতুর্সীমা: পূর্ব- প্রেমিসেস নং ২২, বেক বাগান রো; পশ্চিম- প্রেমিসেস নং ১২, বেক বাগান রো; উত্তর- বেক বাগান রো; দক্ষিণ- ১৪, বেক বাগান রো।**

এতদ্বারা আপনাদের ওপরোক্ত সারণিতে প্রদর্শিত বিবরণ অনুযায়ী নিজ নিজ তারিখ থেকে তার ওপর চুক্তিভিত্তিক সুদের হার এবং অন্যান্য খরচ, চার্জ ইত্যাদিসহ **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড নামে পরিচিত)**-এর প্রদেয় অর্থাঙ্ক এই প্রকাশনার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার আহ্বান জানানো হচ্ছে। তা করতে ব্যর্থ হলে নিম্নস্বাক্ষরকারী আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড **আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড নামে পরিচিত)**-এর বকেয়া অর্থাঙ্ক আদায় করার জন্য এখানে উল্লিখিত বন্ধকী সম্পত্তিগুলির বিরুদ্ধে সারফায়েসি অ্যাক্ট-এর ১৩(৪) এবং ১৪ ধারা অনুযায়ী কার্যধারা শুরু করতে বাধ্য হবেন। এছাড়া উক্ত অ্যাক্ট-এর ১৩(১৩) ধারা অনুযায়ী আপনাদের বিক্রি/লিজ বা অন্য কোনো উপায়ে উক্ত সুরক্ষিত সম্পদ হস্তান্তর করতে নিষেধ করা হচ্ছে।

**তারিখ:** ২২.০৪.২০২৬ — স্বা/- অনুমোদিত আধিকারিক
**স্থান:** পশ্চিমবঙ্গ — আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড (পূর্বতন ক্যাপিটাল ফার্স্ট লিমিটেড এবং আইডিএফসি ব্যাঙ্ক লিমিটেড-এর সঙ্গে সংযুক্ত এবং বর্তমানে আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক লিমিটেড নামে পরিচিত)



ইন্ডিয়ান বৈংক Indian Bank
इलाहाबाद ALLAHABAD

## ইউকো ব্যাঙ্ক

কলকাতা জোনাল অফিস
৫, এলএলআর সরণি, কলকাতা-৭০০০২০। ফোন: ০৩৩-৪৮০৯ ০৮৭৮ / ৪৮০৯ ০৮৭৯
ই-মেল: zocalcutta.rec@ucobank.co.in

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি**

**ই-নিলামের তারিখ: ৩০.০৫.২০২৬**
**ইএমডি ওয়ালেটে ইএমডি (বায়না জমা) দাখিলের শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট সম্পত্তি নিলামের ১ দিন আগে**

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)-এর অধীনে ইউকো ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।
যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক আমাদের শাখায় থাকা লোন অ্যাকাউন্টগুলিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের জন্য নিম্নলিখিত সম্পত্তিগুলি সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে জারি করা বিজ্ঞপ্তির প্রেক্ষিতে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'রিকোর্স ছাড়া'** ভিত্তিতে বিক্রির অধিকার সমেত দখল নিয়েছেন। এই বিক্রি https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
**সারফায়েসি অ্যাক্টের অধীনে সম্পত্তির বিক্রয় বিজ্ঞপ্তির জন্য সংরক্ষণ মূল্য নির্ধারণ:**
আমাদের ব্যাঙ্কে দায়বদ্ধ নিম্নলিখিত সম্পত্তিগুলির সাম্প্রতিক মূল্যায়ন প্রতিবেদনের (১ বছরের বেশি পুরনো নয়) ভিত্তিতে এবং সংশ্লিষ্ট শাখার সঙ্গে আলোচনার প্রেক্ষিতে সারফায়েসি ক্রিয়ার অধীনে বিক্রয় প্রক্রিয়া চালুর জন্য ৩০.০৫.২০২৬ তারিখে প্রস্তাবিত নিলাম বিক্রিতে তাদের সিইসিপি-তে সংশ্লিষ্ট শাখাগুলির তরফে উল্লেখমতো সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য নির্ধারিত হয়েছে।

| ক্রম নং | ক) ঋণ মঞ্জুরকারী শাখার নাম এবং ফোন নম্বর খ) অনুমোদিত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর | ক) ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) জামিনদার/ প্রোপ্রাইটরের নাম ও ঠিকানা | ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী অনাদায়ী বকেয়া | স্থাবর সম্পত্তির বিবরণ | ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য ঘ) ই-নিলামের তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ভবানীপুর শাখা ব্রজেশ কুমার ৭৯৭৯৭১১৪৮৯ ব্রাঞ্চ হেড ৮৭৭৭০৮৫৭৭০ | ক) আবেদনকারী: মিসেস চম্পা সাহা খ) সহ-আবেদনকারী: মিঃ ইন্দ্রনীল সাহা | ক) ২২.০৮.২০২৫ খ) ১৫.১২.২০২৫ গ) ₹৬,৫৫,২৮৪.২৪ | উপরিস্থিত সামান্য কমবেশি ১০০ বর্গফুট মাপের কাঠামো সমেত সামান্য কমবেশি ১ কাঠা ১৪ ছটাক ২ বর্গফুট জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- হরিদেবপুর, পরগনা- খাসপুর, রে সা নং ৩৫, জে এল নং ২৫, আর এস খতিয়ান নং ২৭১, ২৭৬, আর এস দাগ নং ১৭৪, ১৭৫, পরবর্তীতে ১৬৬/এন, পুটিয়ারি ব্যানার্জি পাড়া রোড, বর্তমানে ১৬৬এ, পুটিয়ারি ব্যানার্জি পাড়া রোড, থানা- পূর্বতন বেহালা ঠাকুরপুকুর, বর্তমানে হরিদেবপুর, ডিএসআর- আলিপুর, কলকাতা-৭০০০৪১, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১৫ নং ওয়ার্ড। সম্পত্তির স্বত্বধারক মিসেস চম্পা সাহা। **চৌহদ্দি: উত্তর**- পরেশ চন্দ্র সাহার প্লট; **দক্ষিণ**- শচিরানি সাহা ও মিসেস কে সাহার জমি; **পূর্ব**- যুগল নস্করের জমি; **পশ্চিম**- ৬ ফুট চওড়া সাধারণের ব্যবহার্য চলাচলের পরিসর। | ক) ₹১৬,০৯,০০০.০০ খ) ₹১,৬০,৯০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) ৩০.০৫.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৫টা | বাস্তবিক |
| ২ | সদানন্দ রোড শাখা সেবন্তিকা ৮২৪০৮৪৫০৯১ ব্রাঞ্চ হেড ৮৪৫৫০১৯৮৯৩ | ক) আবেদনকারী: ১) নিউ হাজি বিরিয়ানি প্রোপ্রাইটর: মিঃ দেবনাথ মুখার্জি খ) জামিনদারগণ: ১) মিঃ সোমনাথ মুখার্জি | ক) ২০.০৫.২০২৫ খ) ১০.০৯.২০২৫ গ) ₹৪,৮৬,৭৯৯.৬৬ | চারতলা একটি বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে সামান্য কমবেশি ১০৩.০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া (বিল্ট আপ এরিয়া ৯৩.০ বর্গফুট) বিশিষ্ট একটি দোকানঘরের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৮, সদানন্দ রোড, ওয়ার্ড নং ৮৩, কেএমসি, থানা- কালীঘাট, কলকাতা-৭০০০২৬, দক্ষিণ ২৪ পরগনা। **চৌহদ্দি: উত্তর**- পরিসর; **দক্ষিণ**- কার পার্কিং স্পেস (গ্যারাজ); **পূর্ব**- সদানন্দ রোড; **পশ্চিম**- বিক্রেতার দখলে থাকা বিদ্যমান ঘর। | ক) ₹১১,৫৪,০০০.০০ খ) ₹১,১৫,৪০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) ৩০.০৫.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৫টা | প্রতীকী |

**শর্ত ও নিয়মাবলি:**

১. https://baanknet.com পোর্টালের মাধ্যমে 'অনলাইন ই-নিলাম' উপায়ে এই নিলাম বিক্রি আয়োজিত হবে।
২. আগ্রহী বিডার/ ক্রেতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা নিজেদের মোবাইল নম্বর এবং ই-মেল আইডি ব্যবহার করে https://baanknet.com পোর্টালে রেজিস্টার করেন। পাশাপাশি, দরকারি কেওয়াইসি নথিগুলি আপলোডের জন্যও তাঁদের অনুরোধ করা হচ্ছে। ই-নিলাম সার্ভিস প্রোভাইডার দ্বারা এই কেওয়াইসি নথিগুলি যাচাইয়ের পর (দুটি কাজের দিন লাগতে পারে) আগ্রহী বিডাররা/ক্রেতারা ই-নিলামের নির্ধারিত তারিখের আগেই তাঁর/তাঁদের গ্লোবাল ইএমডি ওয়ালেটের মাধ্যমে অনলাইন পদ্ধতিতে ইএমডি অর্থাঙ্ক স্থানান্তর করে দেবেন। এই রেজিস্ট্রেশন, কেওয়াইসি নথিসমূহ যাচাই এবং ওয়ালেটে ইএমডি স্থানান্তরের কাজগুলি নিলামের আগে যথেষ্ট সময় থাকতে করে রাখতেই হবে।
৩. ওপরে উল্লেখ করা বায়না জমা (ইএমডি) বিডারের গ্লোবাল ইএমডি ওয়ালেটে এনইএফটি-র (https://baanknet.com থেকে চালান জেনারেট করে নেওয়ার পর) মাধ্যমে জমা দেওয়া যাবে। এনইএফটি ট্রান্সফার যে কোনও তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে করা যেতে পারে। চেক-এর মতো অন্য কোনও উপায়ে এই ইএমডি জমা দিলে তা গৃহীত হবে না। অনলাইনে ইএমডি জমা দেননি এমন বিডারদের এই ই-নিলামে অংশ নিতে দেওয়া হবে না। বায়না জমার ওপর কোনও সুদ দেওয়া হবে না।
৪. ই-নিলামের প্ল্যাটফর্ম (https://baanknet.com) দেবে ই-নিলাম সার্ভিস প্রোভাইডার মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ। ই-নিলাম সার্ভিস প্রোভাইডারের https://baanknet.com ওয়েবসাইটের মাধ্যমে আগ্রহী বিডার/ক্রেতাগণ ই-নিলাম প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন। এই পোর্টালেই এই সার্ভিস প্রোভাইডার ই-নিলামের প্রশিক্ষণ/প্রদর্শনের সুবিধা দেবে।
৫. বিক্রির সাধারণ শর্ত ও নিয়মাবলি সংবলিত বিক্রয় বিজ্ঞপ্তি নিম্নলিখিত ওয়েবসাইট/ওয়েব পেজ পোর্টালে দেওয়া আছে: https://baanknet.com।
৬. ই-নিলামে অংশ নিতে আগ্রহীরা বিক্রয় বিজ্ঞপ্তির কপি, ই-নিলামের শর্ত ও নিয়মাবলি, এই ই-নিলামের অপারেশনাল পার্টের হেল্প ম্যানুয়াল ইত্যাদি নথিগুলি BAANKNET পোর্টাল (https://baanknet.com) থেকে বিনামূল্যে ডাউনলোড করে নিতে পারেন।
৭. বিডিংয়ের সময় বিডারের গ্লোবাল ওয়ালেটে যথেষ্ট ব্যালান্স (ইএমডি অর্থাঙ্কের সমান বা বেশি) থাকতেই হবে।
৮. ই-নিলামের সময় বিডাররা আপসমূলক বিডিংয়ে ওপরের টেবিলে উল্লেখমতো সর্বশেষ বিড অর্থাঙ্ক অপেক্ষা বেশি মূল্যের বিড দিতে অনুমতি পাবেন। পরবর্তী উচ্চতর বিড দাখিলের জন্য ১০ (দশ) মিনিট সময় বরাদ্দ হবে এবং সর্বাধিক বিড জমা পড়ার পরবর্তী দশ মিনিটের মধ্যে আর কোনও উচ্চতর বিড জমা না পড়লে ই-নিলাম বন্ধ হয়ে যাবে।
৯. এই বিক্রয় বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্ত ও নিয়মাবলি, ই-নিলামের অপারেশনাল পার্ট ভাল করে পড়ে নেওয়ার দায়িত্ব আগ্রহী বিডার(গণ)-এর ওপরই বর্তাবে এবং তাঁদের এগুলি কঠোরভাবে মেনে চলতে বলা হচ্ছে। ই-নিলাম চলাকালীন কোনও সহায়তার দরকার হলে কিংবা কোনও সমস্যায় পড়লে আমাদের ই-নিলাম সার্ভিস প্রোভাইডারের অনুমোদিত প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করা যেতে পারে, যার বিশদ তথ্যাবলি ই-নিলাম পোর্টাল https://baanknet.com-তে দেওয়া আছে।
১০. অনুমোদিত আধিকারিক দ্বারা ই-নিলাম চূড়ান্ত হওয়ার পর কেবলমাত্র সফল বিডারকে উপরিলিখিত আমাদের ই-নিলাম সার্ভিস প্রোভাইডার দ্বারা এসএমএস/ই-মেলের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে (সার্ভিস প্রোভাইডারের কাছে সংশ্লিষ্ট বিডারের তরফে দেওয়া রেজিস্টার্ড মোবাইল নম্বর/ই-মেল ঠিকানায়)।
১১. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে না।
১২. সফল বিডারকে ইতিমধ্যে জমাকৃত ইএমডি অর্থাঙ্ক সমন্বয় করে বিড অর্থাঙ্কের ২৫% (পঁচিশ শতাংশ) একই দিনে অথবা পরবর্তী কাজের দিনের মধ্যে এবং বাকি অর্থাঙ্ক নিলামের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে **'UCO Bank'-এর অনুকূলে 'KOLKATA ZONAL OFFICE'**-তে প্রদেয়মতে কোনও তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে ব্যাঙ্কারস চেক/ ডিমান্ড ড্রাফ্টরূপে জমা দিতে হবে। ওপরে নির্ধারিত মেয়াদের মধ্যে এই অর্থাঙ্ক জমা দিতে ব্যর্থ হলে, সফল বিডার দ্বারা জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক এই ব্যাঙ্ক বাজেয়াপ্ত করবে এবং এই সম্পত্তি পুনরায় নিলাম/বিক্রি করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে এবং এমন ক্ষেত্রে খেলাপকারী ক্রেতা ওই সম্পত্তি কিংবা সম্পত্তির বিক্রয়মূল্যের ওপর কোনও দাবি জানাতে পারবেন না।
১৩. পুরো অর্থাঙ্ক বুঝে পাওয়ার পর উক্ত অ্যাক্টের সংস্থান অনুযায়ী সফল বিডারের অনুকূলে বিক্রয় সার্টিফিকেট ইস্যু করা হবে।
১৪. আইনানুগ কর্তৃপক্ষের আইন মোতাবেক স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদির মতো কনভেয়ান্স চার্জ/ফি সফল ক্রেতাকেই বহন করতে হবে।
১৫. ই-নিলাম হতে চলা সম্পত্তিগুলির ওপর সরকার বা অন্য কোনও পক্ষের চার্জ, লিয়েন, দায় বা এই ব্যাঙ্কের অজানা অন্য কোনও প্রকার বকেয়ার জন্য এই ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক দায়বদ্ধ থাকবেন না। আগ্রহী বিডারদের পরামর্শ দেওয়া হচ্ছে যাতে তাঁরা নিজেদের বিড জমা দেওয়ার আগে নিলামে তোলা সম্পত্তিগুলির ওপর বিধিবদ্ধ বকেয়া, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি দায় সম্পর্কে স্বাধীনভাবে অনুসন্ধান করে জেনে নেন।
১৬. প্রশাসনিক কোনও আপাতকালীন পরিস্থিতিতে ই-নিলামের তারিখ ও সময় পরিবর্তনের প্রয়োজন হলে সার্ভিস প্রোভাইডারের কাছে রেজিস্টার করানো মোবাইল নম্বর কিংবা ই-মেল আইডি-তে সার্ভিস প্রোভাইডার দ্বারা যথাক্রমে এসএমএস কিংবা ই-মেলের মাধ্যমে দরকারি তথ্য পাঠিয়ে দেওয়া হবে।
১৭. কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত বিড গ্রহণ বা বাতিল করা, এমনকি এই বিক্রি স্থগিত রাখা/পিছিয়ে দেওয়া/মুলতুবি রাখা/বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। এটাও খেয়াল রাখতে হবে যে, এই বিজ্ঞপ্তিটি উপরিলিখিত সম্পত্তি(গুলি) বিক্রিতে এই ব্যাঙ্কের তরফে কোনও প্রকার প্রতিনিধিত্ব বা দায়বদ্ধতা দর্শায় না বা দর্শায় বলেও ধরে নেওয়া যাবে না।
১৮. নিজেদের বিড জমা দেওয়ার আগে নিলামে তোলা পরিসম্পদ ও তার স্পেসিফিকেশন খতিয়ে দেখে নিঃসন্দেহ হয়ে নেওয়ার দায়িত্ব বিডারদের ওপরই বর্তাবে। ওপরে প্রদত্ত তথ্যাবলি অনুযায়ী সম্পত্তি পরিদর্শনের জন্য বিডাররা ডিলিং অফিশিয়ালের সঙ্গে যোগাযোগ করতে পারেন।
১৯. যথাযথ ইন্টারনেট সংযোগ, পাওয়ার ব্যাক আপ ইত্যাদির মতো ব্যাপারগুলি বিডারদের নিজেদেরই নিশ্চিত করে নিতে হবে। ইন্টারনেট ফেলিওর, পাওয়ার ফেলিওর বা টেকনিক্যাল কোনও কারণ বা ই-নিলামকে প্রভাবিত করতে পারে এমন কোনও কারণ/পরিস্থিতির জন্য এই ব্যাঙ্ক দায়ী থাকবে না।
২০. সম্পত্তি পরিদর্শনের জন্য আগ্রহী বিডাররা ওপরে লেখা মোবাইল নম্বরে ইউকো ব্যাঙ্কের সংশ্লিষ্ট ব্রাঞ্চে অনুমোদিত আধিকারিকের সঙ্গে ২৯.০৫.২০২৬ তারিখের আগে যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে যোগাযোগ করতে পারেন।
২১. **ওপরে লেখা তারিখে উপরিলিখিত ঋণ সম্পর্কিত ও এই বিক্রি আয়োজনে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণের প্রতি এটি একটি ৩০ দিনের স্পষ্টীকরণ বিজ্ঞপ্তি।**
২২. ওপরে লেখা সম্পত্তিগুলি/ পরিসম্পদগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'রিকোর্স ছাড়া'** ভিত্তিতে বিক্রি করা হবে। এই নিলাম বিক্রি প্রক্রিয়ায় অংশ নেওয়ার আগে উপরিলিখিত সম্পত্তিগুলি সংক্রান্ত বিধিবদ্ধ বকেয়া, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদির ব্যাপারে নিজেরাই স্বাধীনভাবে অনুসন্ধান চালিয়ে খুঁটিয়ে জেনে নিঃসন্দেহ হয়ে নেবেন এবং নিলামের আগে বা পরে কোনও বকেয়া প্রদানের জন্য এই ব্যাঙ্ক দায়ী থাকবে না।
২৩. ওপরের তফসিলে সম্পত্তিগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে উল্লেখ করা হয়েছে। এই প্রকাশ্য বিজ্ঞপ্তিতে কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক এবং/বা এই ব্যাঙ্ক কোনও প্রকার জবাবদিহি করতে বাধ্য থাকবে না।

**সুপারিশ:** শাখার তরফে সুপারিশকৃত অনুসারে এবং সংশ্লিষ্ট অনুমোদিত আধিকারিকের অনুমোদন অনুসারে সংরক্ষণ মূল্যের নিরিখে উপরিলিখিত ০২টি সম্পত্তি ই-নিলামের মাধ্যমে ৩০.০৫.২০২৬ তারিখে বিক্রি করা হবে, যা রিকভারি ডিপার্টমেন্টের তরফেও সুপারিশ করা হয়েছে এবং কমিটির সামনে অনুমোদনের জন্য পেশ করা হয়েছে।

**তারিখ:** ১৮.০৪.২০২৬ — স্বাঃ-
**স্থান:** কলকাতা — অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক